



জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

সূত্র : পিডি/ডিজিএম/ছাতা/১৭

তারিখ : ১২.১১.২০১৭

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক
প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা
সকল কর্পোরেট শাখা/অন্যান্য সকল শাখা
জনতা ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয় : ২০১৭ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের ছাতার মূল্য পুনঃভরন পদ্ধতিতে পরিশোধ প্রসংগে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষ কর্তৃক ২০১৭ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্রারিক্যাল প্রত্যেক কর্মচারীকে উন্নতমানের ২৬” সাইজের প্রতিটি ছাতার মূল্য বাবদ ৩০০/- (তিনশত) টাকা নিম্নবর্ণিত নিয়মাবলী পরিপালন সাপেক্ষে পুনঃভরন পদ্ধতিতে পরিশোধের অনুমোদন প্রদান করা হয়েছে।

নিয়মাবলী :-

- ১। ২০১৭ সালে ছাতা পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্রারিক্যাল প্রত্যেক কর্মচারীকে স্ট্রলের বাট, কাল রং এর কাপড় ও অন্যান্য উন্নত সামগ্রী দ্বারা তৈরী ২৬” সাইজের উন্নতমানের প্রতিটি ছাতার মূল্য বাবদ ৩০০/- (তিনশত) টাকা স্ব-স্ব কর্মচারী কর্তৃক ছাতা ক্রয়ের মেমো/ভাউচার সংশ্লিষ্ট অফিসে জমা করার পর পুনঃভরন পদ্ধতিতে যথাযথ রেজিস্টারে এন্ট্রি করতঃ পরিশোধ করতে হবে।
- ২। ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী সকল স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীকে ১(এক) বৎসর অন্তর অন্তর অর্থাৎ প্রতি ২(দুই) বৎসরে ১(এক)টি ছাতার মূল্য পরিশোধ করা হয়। সুতরাং যারা গত বৎসর ২০১৬ সালে ব্যাংক হতে ছাতার মূল্য পেয়েছেন তারা ২০১৭ সালে ছাতার মূল্য পাওয়ার যোগ্য হবেন না এবং একই ব্যক্তি যাতে একাধিক ছাতার মূল্য গ্রহণের সুযোগ না পায় সে ব্যাপারে ছাতার মূল্য পরিশোধের রেজিস্টারে স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের নাম লিপিবদ্ধ করে স্বাক্ষর গ্রহণ করতে হবে।
- ৩। এল.পি.আর/পি.আর.এল. ভোগরত কর্মচারীগণ ছাতার মূল্য পাওয়ার যোগ্য হবেন না। তবে সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ উক্ত ছাতার মূল্য পাবেন।
- ৪। প্রধান কার্যালয়ে কর্মরত স্থায়ী নন-ক্রারিক্যাল কর্মচারীদের ছাতা ক্রয়ের বিষয়ে নিশ্চিত হয়ে ছাতা ক্রয়ের মেমো/ভাউচারের পিছনে সংশ্লিষ্ট নন-ক্রারিক্যাল কর্মচারীর স্বাক্ষর গ্রহণ করতঃ তা সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পূর্বক মূল্য পরিশোধের জন্য প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে।
- ৫। বর্তমান বৎসরে (২০১৭ সালে) ছাতার মূল্য গ্রহণকারী কর্মচারীদের নামের তালিকা (প্রধান কার্যালয় ব্যতিত) শাখা সমূহ কর্তৃক স্ব-স্ব বিভাগীয় কার্যালয়/স্থানীয় কার্যালয়/এরিয়া অফিস/কর্পোরেট শাখার মাধ্যমে আগামী ১৫.১২.২০১৭ তারিখের মধ্যে প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ৪৮, মতিঝিল বা/এ, ঢাকায় প্রেরণ করতে হবে।

চলমান পাতা-২

Non Clerical Uniform Circular Letter-2017



জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

-২-


সূত্র : পিডি/ডিজিএম/ছাতা/১৭


তারিখ : ১২.১১.২০১৭

৬। উল্লেখ্য কর্মচারীগণ কর্তৃক ছাতা ক্রয় করায় সরকারী বিধিমালা অনুযায়ী ছাতার মূল্য প্রদানকালে ৫% হারে অর্থ্যাৎ ১৫/- (পনের) টাকা করে ভ্যাট কর্তন পূর্বক তা একীভূত আকারে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যুকরতঃ আগামী ১(এক) মাসের মধ্যে একাউন্টস ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল, বা/এ, ঢাকায় প্রেরণ করতে হবে। কোন কোন অফিস হতে সিআইবিটিসিএ সমূহ প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে প্রেরণ করা হয় যা মোটেও কাম্য নয়।

উপরোক্ত নিয়মাবলী যথাযথভাবে পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

শ্রদ্ধান্তে/ধন্যবাদান্তে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শাখাওয়াত হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক


(মোঃ মহসীন আলী সরকার)
উপ-মহাব্যবস্থাপক

অনুলিপি :

- ১। সিইও এবং ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। কোম্পানী সেক্রেটারী, কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপ-ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত সহকারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। চীফ এক্সিকিউটিভ, জেসিআইএল, ঢাকা।
- ৫। নথি।